

“উন্নয়নের অক্সিজেন রাজস্ব”

“জনকল্যাণে রাজস্ব”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

Web: www.chc.gov.bd

E-mail: customhousectg@gmail.com

বিজ্ঞপ্তি

নথি নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/৭৬ (অংশ-৫)/

তারিখ : /০২/২০২৩ খ্রিঃ।

23 FEB 2023

বিষয় : নতুন শিপিং এজেন্ট লাইসেন্স প্রদান প্রসঙ্গে।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর পত্র নং-০৮.০১.০০০০.০৫৯.০৫.০০৪.২১/১৭, তারিখ-২৩/০১/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা কর্তৃক সূত্রীয় পত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর আওতায় কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক নতুন শিপিং এজেন্ট লাইসেন্স প্রদানের বিষয়ে ইতোপূর্বে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা কামনা করা হয়েছিল। উক্ত পত্রের প্রেক্ষিতে জানানো হয় যে, বর্তমানে কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর সংশোধনীর কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিতাবস্থায়, নতুন করে শিপিং এজেন্ট লাইসেন্স প্রদানের পূর্বানুমতি গ্রহণের বিষয়টি আপাততঃ স্থগিত রেখে নতুন সংশোধিত বিধিমালা জারির পর বিবেচনা করা হবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ

(মুহাম্মদ মাহফুজ আলম)

ডেপুটি কমিশনার

ও

সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ

সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ এর পক্ষে।

স্বাঃ

নথি নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/৭৬ (অংশ-৫)/১০২৬৪(১) তারিখ : /০২/২০২৩ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো :

23 FEB 2023

- ১। প্রোগ্রামার, কাস্টম হাউস, চট্টগ্রাম। (জারীকৃত বিজ্ঞপ্তি কাস্টম হাউস, চট্টগ্রাম এর Web Site এ Upload করার জন্য অনুরোধ করা হলো।)
- ২। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম স্টক একচেঞ্জ ভবন, আছাবাদ বা/এ, চট্টগ্রাম।
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, শেখ মুজিব রোড, আছাবাদ, চট্টগ্রাম।
- ৪। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার ট্রেড সেন্টার (১১তম তলা), ১৭২৮, শেখ মুজিব রোড, আছাবাদ, চট্টগ্রাম।
- ৫। নোটিশ বোর্ড।
- ৬। অফিস কপি।

স্বাঃ

(মুহাম্মদ মাহফুজ আলম)

ডেপুটি কমিশনার

ও

সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ।

স্বাঃ